# U.G. 3rd Semester Examination - 2020

## BENGALI

**Course Code : BBNGCCHT301**

**Course Title : মধ্যযুগের কবিতা ও কাব্য**

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘন্টা

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) 'রাধামোহন কছু না পাওল যেহ' — রাধামোহন কে?

খ) চৈতন্যপূর্ব যুগের পদাবলী রচয়িতা একজন কবির নাম লেখো যিনি বাঙালি ছিলেন না।

গ) 'উচাটন' শব্দের অর্থ কী?

ঘ) 'মাধব হাম পরিণাম নিরাশা' — বক্তা কে?

ঙ) তোমাদের পাঠ্য ভক্তের আকুতি পর্যায়ের শাক্তপদটি কার লেখা?

চ) 'আপনি হইয়ে হত, বধরে পরেরি প্রাণ' — কে, কাকে একথা বলেছেন?

ছ) 'আমি কি হেরিলাম নিশি স্বপনে' — বক্তা কাকে স্বপ্নে দেখেছিলেন?

জ) ভণিতা কাকে বলে?

*[পরের পাতায়]*

ঝ) 'নেউগী চৌধুরী নই না করি তালুক' — বক্তা কে?

ঞ) 'শুন, ভাই সভাজন কবিত্বের বিবরণ / এই গীত হইল যেমতে' — এখানে কোন্ গীতের কথা বলা হয়েছে?

ট) 'কহিয়ে আপন তত্ত্ব আমল হাড়ার দত্ত/ তিনকুলে আমার মিলন' — তিন কুল কী কী?

ঠ) হরিদাস প্রসঙ্গ চৈতন্য ভাগবতের কোন্ অধ্যায়ে বর্ণিত হয়েছে?

ড) বৃন্দাবন দাস তাঁর চৈতন্য ভাগবতে সর্বপ্রথম কাদের বন্দনা করেছেন?

ঢ) নিমাই কোন্ রূপে তৈথিক ব্রাহ্মণকে দর্শন দিয়েছিলেন?

ণ) নিমাই এর দুই '**শ্বশুরের**' নাম লেখ।

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) গৌরচন্দ্রিকার পদ বলতে কোন্ পদগুলিকে বোঝায়?

খ) 'কত চতুরানন মরি মরি যাওত' — চতুরানন কে ? চরণটির অর্থ লেখো।

গ) ঈশ্বরপুরী কে? মহাপ্রভু তাঁর কাছে কোন্ মন্ত্র দীক্ষা নেন?

ঘ) নিত্যানন্দের পিতার নাম কী? তাঁর জন্মস্থান কোথায়?

ঙ) 'কমলাকান্তের বাণী শুনহে শিখরমণি' — শিখরমণি কে? কমলাকান্ত তাঁকে কী বলেছেন?

চ) 'তুমি কী দোষে করিলে আমায়, ছটা কলুর অনুগত'— বক্তা কে? 'ছটা কলু' বলতে কী বোঝানো হয়েছে?

ছ) 'সাশুড়ি ননদি নাঞি নাঞি তোর সতা'— কে, কার উদ্দেশ্যে একথা বলেছে?

জ) 'দৈবদোষে আমি যদি আছিলাম কাঙাল
দেখিয়াছি খুড়া হে তোমার ঠাকুরাল।' — বক্তা কে? খুড়া কাকে বলা হয়েছে?

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) 'তাতল সৈকত বারি বিন্দুসম
সুত মিত রমণী সমাজে।'
— কোন্ পর্যায়ের পদ? পদটির ভাববস্তু ব্যাখ্যা করো।

খ) 'চণ্ডী রাখিলেন আজি বোলে দুই চোরে! — চোরদ্বয়ের বৃত্তান্ত চৈতন্য ভাগবতের কোন্ অধ্যায়ে আছে? চোরদ্বয়ের বৃত্তান্তটি নিজের ভাষায় বর্ণনা করো।

গ) তোমাদের পাঠ্য শাক্তপদাবলীর বিজয়া পর্যায়ের যে-কোনো একটি পদের কাব্যসৌন্দর্য বিচার করো।

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) পূর্বরাগ কাকে বলে? এই পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তাঁর রচিত তোমাদের পাঠ্য পদটি অবলম্বনে পূর্বরাগের রাধার পরিচয় দাও এবং কবি-কৃতিত্ব বিচার করো।

খ) চৈতন্যদেবের আবির্ভাবের পূর্বে নবদ্বীপকে কেন্দ্র করে তৎকালীন সমাজের যে চিত্র বৃন্দাবন দাস অঙ্কন করেছেন, তার পরিচয় দাও।

গ) 'ফুল্লরার বারোমাসের দুঃখ' এবং 'চণ্ডীর নিকট পশুগণের দুঃখ নিবেদন' অংশে কবি নিজের অভিজ্ঞতা উজাড় করে দিয়েছেন। — মন্তব্যটি উদ্ধৃতিসহ বিচার করো।

———————